

চিকিৎসা সুবিধা :

| ক্রঃ নং | বিষয় | বিবরণ |
|---------|--|--|
| ১ | চিকিৎসা সাহায্য (বিশেষ) (ফরম নং-০১) | কর্মরত/অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারীর নিজ ও তাঁর পরিবারের সদস্যদের চিকিৎসা সংক্রান্ত সাহায্য প্রদান করা হয়। এ সাহায্য প্রতি বছর (বর্ষপঞ্জী অনুযায়ী জানুয়ারী-ডিসেম্বর) একবার দেয়া হয়। কর্মকর্তা-কর্মচারীর বয়স জন্ম তারিখ হিসেবে বিধি মোতাবেক অবসর গ্রহণের পর ১০ (দশ) বছর বা অনূর্ধ্ব ১৫ (পনের) বছর পর্যন্ত যা আগে আসে ভিত্তিতে প্রাপ্য হবেন। আবেদনপত্রের সঙ্গে চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থাপত্রের সত্যায়িত কপি এবং অন্যান্য সকল কাগজপত্রের মূলকপি দাখিল করতে হয়। |

আবেদন করার নিয়মাবলী :

১. বর্ষপঞ্জী অনুযায়ী বছরে একবার মাত্র চিকিৎসার আবেদন করা যায়।
২. বর্ষপঞ্জী অনুযায়ী চিকিৎসার ০২ (দুই) বছরের মধ্যে আবেদন করা যাবে।
৩. কর্মচারী অবসর/মৃত্যুর পর তার বয়স ৬৭ বছর পর্যন্ত এ সাহায্য দেয়া হয়।
৪. আবেদনের সঙ্গে প্রয়োজনীয় যে সমস্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
 - ক) ডাক্তারী ব্যবস্থাপত্রের সত্যায়িত কপি (অফিস প্রধান/ সংশ্লিষ্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক)।
 - খ) ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ ক্রয়ের মূল ভাউচার।
 - গ) ক্লিনিক বা হাসপাতালে ভর্তি হয়ে থাকলে ক্লিনিক বা হাসপাতালের মূল ছাড়পত্র।
 - ঘ) ভাই/বোন বা পিতা/মাতার ক্ষেত্রে নির্বরশীলতার প্রত্যয়নপত্র।
 - ঙ) খরচের হিসাব বিবরণী (কর্মচারীর স্বাক্ষরসহ)।
 - চ) জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর বেতননির্ধারণ ফরমের ভেরিফিকেশন নম্বরের জন্য বেতননির্ধারণ ফরমের সত্যায়িত ফটোকপি।

